

প্রাথমিক শিক্ষকদের
গণশিক্ষামন্ত্রী
দাবি আদায় করতে
গিয়ে যেন শিক্ষার্থীরা
ক্ষতিগ্রস্ত না হয়

নিজস্ব প্রতিবেদক >

প্রাথমিক শিক্ষকদের দাবির প্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, 'গুধু দাবি করলেই হবে না, যা পেয়েছেন এর বিনিময়ে কী দিয়েছেন, সেটাও মিলিয়ে দেখবেন। আপনাদের দাবি থাকবেই। তবে দাবির কারণে শিক্ষার্থীরা যেন ক্ষতিগ্রস্ত না হয়, সেদিকেও লক্ষ রাখতে হবে।' গতকাল জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক সমাজ আয়োজিত 'বাংলাদেশের সার্বিক উন্নয়নে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ভূমিকা' শীর্ষক আলোচনায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, শিক্ষার দিক থেকে দেশ এগিয়ে গেলে প্রাথমিক শিক্ষকদের উন্নয়ন কেউ ঠেকাতে পারবে না। প্রাথমিক শিক্ষার মাধ্যমেই মানুষের শিক্ষাজীবন শুরু হয়। আর এই চ্যালেঞ্জটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদেরই নিতে হবে। আলোচনায় সংগঠনের পক্ষ থেকে বেশ কিছু দাবি তুলে ধরা হয়। এগুলোর মধ্যে অন্যতম হলো সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষকের এক ধাপ নিচে বেতন স্কেল নির্ধারণ, দ্বিতীয় শ্রেণিতে উন্নীতকরণ ও সদ্য জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি।